দৈনিক ইনকিলাব

34

তারিখ 11 DEC 1997
পৃষ্ঠা ৭ কলাম ৬

আইডিয়াল স্কুল কলেজ

## ২ হাজার ছাত্রছাত্রীকে সন্ত্রাসীরা ৩ ঘন্টা আটকে রাখে অভিভাবকরা প্রহৃত

স্টাফ রিপোর্টার ঃ রাজধানীর মতিঝিল আইডিয়াল হাই স্কুলের মর্নিং শিফটের প্রায় ২ হাজার ছাত্রছাত্রীকে অস্ত্রধারী সন্ত্রাসীরা গতকাল ৩ ঘন্টা আটকে রাখে। এই ঘটনার প্রতিবাদ করায় সশস্ত্র মাস্তানরা স্কুল গেটে কয়েকজন অভিভাবক ও অভিভাবিকাকে মারধর করে। এই ঘটনার সময় পুলিশ প্রকাশ্য অস্ত্রধারী মাস্তানদের পক্ষ নেয়। এই মাস্তানরা স্থানীয় সংসদ সদস্যের সমর্থিত বলে অভিভাবকরা অভিযোগ করেন। সম্প্রতি জোরপূর্বক চাকুরীচ্যুত আইডিয়াল স্কুল ও কলেজের প্রধান শিক্ষক ও প্রিন্সিপ্যাল ফয়জুর রহমান হাইকোর্টের নির্দেশে গতকাল তার পূর্ব পদে কাজে যোগদানের কথা ছিল। এই খবর পেয়ে শত শত অভিভাবক তাদের ছেলেমেয়েদের নিয়ে স্বতঃস্ফূর্তভাবে সকাল ৭টা থেকে স্কুলে যেতে থাকেন।

অভিভাবকরা অভিযোগ করেন যে, সাড়ে ৭টায় ৮/১০ জন সশস্ত্র মাস্তান সাবের হোসেন চৌধুরী এমপির মনোনীত প্রতিষ্ঠান প্রধান যুক্তিবিদ্যার প্রভাষিকা রওনক জাহানকে নিয়ে স্কুলে ঢুকে পড়ে এবং দরজা বন্ধ করে দেয়। বেশ কয়েকজন সশস্ত্র মাস্তান তখন গেটের বাইরে অবস্থান নেয়। তারা প্রকাশ্যে অস্ত্র হাতে পুলিশের সামনে ঘোরাফেরা করতে থাকে বলে অভিযোগ করেন। অভিভাবকরা অস্ত্রধারীদের গ্রেফতার করার জন্য পুলিশের কাছে বারবার দাবী জানালেও পুলিশ তাতে সাড়া দেয়নি। উল্টো মাস্তানরা গেটের বাইরে কয়েকজন অভিভাবক ও অভিভাবিকাকে মারধর করে। এক পর্যায়ে মাস্তানরা অস্ত্রের মুখে একজন অভিভাবকে ধরে নিয়ে যাবার চেষ্টা করলে অভিভাবকরা পুলিশের কাছে তার নিরাপত্তা দাবী করে। পুলিশ অভিভাবকদের নিরাপত্তার ব্যবস্থা না করে উল্টো তাদেরকে নাজেহাল করে।

অভিভাবকরা আরো অভিযোগ করেন যে, মতিঝিল থানার ওসি ঘটনাস্থলে উপস্থিত হয়ে মাস্তানদের পক্ষ নেয় এবং অভিভাবকদের চোখ রাঙ্গিয়ে গালিগালাজ করে। তখন অভিভাবকরা বিক্ষুব্ধ হয়ে ওঠে। অভিভাবক ও জনতার তীব্র বিক্ষোভের মুখে মাস্তানরা ছাত্রছাত্রীদের ছেড়ে দিতে বাধ্য হয়। এই ঘটনা অভিভাবক ও ছাত্রছাত্রীদের নিরাপত্তা নিয়ে নানা আশংকা সৃষ্টি করেছে।